# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 26 March, 2025

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস বলেছেন, ২৪-কে অনেকে দ্বিতীয় স্বাধীনতা বলেন।আসলে আজকের স্বাধীনতা দিবস প্রমাণ করে, দ্বিতীয় স্বাধীনতা বলে বাংলাদেশে কিছু নেই।যারা বলে তারা আজকের স্বাধীনতা দিবসকে খাটো করতে চায়, ৭১ এর স্বাধীনতায় তাদের কোনো ভূমিকা ছিল না।সুতরাং এই দিনটাকে তারা খাটো করতে চায়।

আজ ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবসে জাতীয় স্মৃতিসৌধের বীর শহীদদের শ্রদ্ধা জানাতে এসে এ কথা বলেন তিনি।

মির্জা আব্বাস বলেন, 'সর্বপ্রথম স্মরণ করছি স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে।যিনি স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন—অতঃপর দেশে থেকে যুদ্ধ করে দেশকে স্বাধীন করেছেন।

স্বাধীনতার ৫৪ বছর পরও আমরা প্রকৃত স্বাধীনতার স্বাদ মাঝে হারিয়ে ফেলেছিলাম।৫ আগস্টের পর আবার নতুন করে পেয়েছি।স্বাধীনতার ৭১ এর বীর শহীদ, যারা নিজেদের প্রাণের বিনিময়ে আমাদের স্বাধীনতা দিয়েছিলেন, রক্তের বিনিময়ে যারা স্বাধীনতা এনে দিয়েছেন—তাদের স্মরণ করছি।তাদের পরিবারের যারা এখনো বেঁচে আছেন, তাদের প্রতি সমবেদনা জানাচ্ছি।

তিনি আরও বলেন, 'আজকের এ দিনে দেশবাসীকে দেশনেত্রী বেগম খালেদা জিয়া, আমাদের নেতা তারেক রহমানের পক্ষ থেকে শুভেচ্ছা জানাচ্ছি।আমরা কিছু দিন আগে জুলাই-আগস্টে ছাত্রজনতার আন্দোলনের মাধ্যমে নতুন করে স্বৈরাচারকে তাড়িয়ে নতুন স্বাদ পেয়েছি।

'দেশনেত্রী বেগম খালেদা জিয়ার জন্য দোয়া চাই এবং এই স্বাধীনতাকে যেন ধরে রাখতে পারি, আমাদের পরবর্তী প্রজন্ম যাতে এই স্বাধীনতাকে ধরে রাখতে পারে—এটা আল্লাহর কাছে কামনা করব,' বলেন তিনি।

'অনৈক্য কিছু নেই।স্বার্থের সংঘাত আছে, প্রত্যেকটা দলের নিজস্ব আদর্শিক জায়গা আছে, যার যার একটা মতাদর্শ আছে।সবাই যার যার মতাদর্শ থেকে কথা বলে।এটাকে আমি অনৈক্য বলব না।যদি কেউ অনৈক্য বলে, আমি বলব—যদি কখনো এমন সময় আসে, যখন জাতীয় বৃহত্তর ঐক্যের প্রয়োজন হবে, স্বাধীনতা সার্বভৌমত্ব রক্ষায় ঐক্যের প্রয়োজন পড়বে, তখন আমরা সবাই এক হয়ে যাব।এখানে কোনো ভুল নেই,' বলেন তিনি।

বিএনপির এই নেতা বলেন, 'এখন দলীয় আদর্শিক স্বার্থে হয়তো আলাদা কথা বলছি, হতে পারে।কিন্তু যখন প্রয়োজন হবে, তখন বাংলাদেশের জনগণ এক হয়ে যাবে।

নির্বাচন নিয়ে তিনি বলেন, 'প্রধান উপদেষ্টা বলেছেন—ডিসেম্বরে নির্বাচন হবে।আমরা সেখানেই বিশ্বাস রাখতে চাই।বাংলাদেশের প্রতিটা রাজনৈতিক দলই প্রতিপক্ষ।তবে নির্বাচন হবে না, এমনটা বিশ্বাস করতে চাই না।

মির্জা আব্বাস বিএনপি স্বাধীনতা দিবস জাতীয় স্মৃতিসৌধ খালেদা জিয়া

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:00

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/92372546